রেজিঃ উইথ এ/ডি

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৭.২৫-২৪৯

তারিখঃ ১০-০৭-১৪৩২বঃ
২৬-১০-২০২৫ খ্রিঃ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব নোমান হায়দার, আইডি নং-৮০০৮০১০০১, নির্বাহী প্রকৌশলী (পুর), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর অনুকূলে জার্মানির University of Stuttgart বিশ্ববিদ্যালয়ে Water Resources Engineering and Management এর আওতাধীন Doctor of Philosophy (PhD) (including Master of Science) প্রোগ্রামে অধ্যয়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০০১.২৫.০৫.১৬-৪৯৫ তারিখ: ২৮/০৭/২০১৯খ্রিঃ মোতাবেক ০২/০৯/২০১৯খ্রিঃ হতে ৩১/০৮/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের প্রেষণ মঞ্জুর করা হয়। পরবর্তীতে আপনার আবেদনের প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০০১.২৫.০৬১.১৬-১৯০ তারিখ: ২৯/০৯/২০২২ খ্রিঃ মোতাবেক ০১/০৯/২০২২খ্রিঃ হতে ৩১/০৮/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত পুনরায় ০১(এক) বছর প্রেষণ মঞ্জুর করা। কোর্স সম্পন্ন না হওয়ায় আপনি পুনরায় ০১ (এক) বছরের শিক্ষা ছুটির জন্য আবেদন করেন এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০০.০০০০.০০১.২৫.০৬১.১৬-৬৮ তারিখ: ০১/০২/২০২৪ খ্রিঃ মোতাবেক ০১/০৯/২০২৩ খ্রিঃ তারিখ হতে ৩১/০৮/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। আপনার অনুকূলে মঞ্জুরীকৃত শিক্ষা ছুটির বর্ধিত মেয়াদ শেষে গত ০১/০৯/২০২৪ খ্রিঃ তারিখে বোর্ডে যোগদানের জন্য নির্ধারিত ছিল। কিন্তু, আপনি সর্বমোট ৫(পাঁচ) বছর প্রেষণ/শিক্ষা ছুটি ভোগের পরেও দপ্তরে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। আপনি অদ্যাবধি কাজে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন, যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের পর্যায়ে পড়ে, যা সুষ্ঠু নিয়ম শৃঙ্খলা পরিপন্থি এবং এরূপ কার্যের জন্য আপনার উপর যে কোন দণ্ড আরোপযোগ্য।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দণ্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৭.২৫-৬৩; তারিখঃ ২৪/০৩/২০২৫ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত রয়েছেন সেহেতু কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৭.২৫-১১১; তারিখঃ ২৪/০৫/২০২৫ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে কার্যধারায় আনীত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগ বিভাগীয় তদন্তে প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন। অতএব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতিরি তারিখ অর্থাৎ ০১/০৯/২০২৪ তারিখ হতে আপনার উপর বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক কেন আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতিরি তারিখ অর্থাৎ ০১/০৯/২০২৪ তারিখ হতে আপনার উপর বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ৭(সাত) কার্য দিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি ।

২৬/১০/২৫

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৭০১০১০১৯

অঃপৃঃদ্রঃ

**প্রাপকঃ**
জনাব নোমান হায়দার
আইডি নং-৮০০৮০১০০১
নির্বাহী প্রকৌশলী (পুর)
কার্যক্রম পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

**স্থায়ী ঠিকানা**
জনাব নোমান হায়দার
পিতা-রেজাউল হায়দার
মাতা- সেলিনা হায়দার
রোড নং-৩৪৩/২
দক্ষিণ গোড়ান, খিলগাঁও
১২১৯, ঢাকা।

**কার্যার্থে/জ্ঞাতার্থেঃ**

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।